

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ জানুয়ারি ২০২২ খ্রি.

রেড ক্রিসেন্ট সিটি ইউনিট আয়োজিত ধর্মীয় উপাসনালয়ে শীতবস্ত্র ও সুরক্ষা সামগ্রী বিতরণকালে মেয়র
আর্তমানবতার সেবার চেয়ে উত্তম কাজ আর নেই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আর্তমানবতার সেবার চেয়ে উত্তম কাজ আর নেই। যাদের মধ্যে মানবিক মূল্যবোধ কাজ করে তারাই প্রকৃত মানুষ। মানবিক কারণে গরীব দুঃস্থ মানুষের পাশে প্রত্যেক বিবেকবান মানুষের দাঁড়ানো উচিত, না হলে মানবিকতা বিপন্ন হবে। আজ সকালে টাইগারপাসস্থ চসিক বিনাঘাস প্রকল্প চক্রে চট্টগ্রাম রেড ক্রিসেন্ট সিটি ইউনিটের উদ্যোগে নগরীর মসজিদ, মন্দির, প্যাগোডা ও খ্রিস্টান চার্চের ধর্মীয় প্রতিনিধিদের মাঝে শীতবস্ত্র ও সুরক্ষা সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চট্টগ্রাম রেড ক্রিসেন্ট সিটি ইউনিটের সেক্রেটারী আব্দুল জব্বার, ট্রেজারার এম.এ সালাম, যুগ্ম-সচিব আনোয়ার আজম, যুব প্রধান গাজী মো. ইফতেখার হোসেন ইমু। মেয়র আরো বলেন, সামনে আরো দুইটা শৈতপ্রবাহ আসবে বলে আবহাওয়া অধিদপ্তর আভাস দিয়েছেন। এই অবস্থায় রেড ক্রিসেন্ট শীতার্থ মানুষের জন্য যে শীত বস্ত্র বিতরণের উদ্যোগ গ্রহণ করেছে তা সত্যিকার অর্থে অভিনন্দনযোগ্য। তিনি বলেন, সামনে অমিক্রণ ভয়াবহ আকার ধারণ করবে বলে বিশ্ব ঐক্য সংস্থা বার বার সতর্কতা অবলম্বনের আহ্বান জানাচ্ছে। তাই এই অবস্থায় আমাদের সকলকে এবং বিশেষ করে মসজিদ, মন্দির, প্যাগোডা ও চার্চে ইমাম, পুরোহিত, ভাস্ত ও পাদ্রিদের নগরবাসীর সচেতনতা সৃষ্টি করার জন্য অগ্রণী ভূমিকা পালন করতে হবে। তিনি প্রসঙ্গক্রমে বলেন, আমাদের ৫৫হাজার বর্গমাইলের দেশে প্রায় ১৭কোটি মানুষের বসবাস। করোনা মহামারির প্রাক্কালে অনেকেই ধারণা করেছিলো এই রোগে লক্ষ লক্ষ বাঙালী আক্রান্ত হয়ে এবং অনাহারে মারা যাবে। এই ধারণাকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর দূরদর্শী পদক্ষেপ ও সমযোচিত সিদ্ধান্তের মাধ্যমে ভুল প্রমাণিত করেছেন। আশাকরি আগামীতেও অমিক্রণের ছোবল থেকে আমাদের দেশ একইভাবে মোকাবেলা করতে সক্ষম হবে। অনুষ্ঠান শেষে রেড ক্রিসেন্ট সিটি ইউনিটের পক্ষ থেকে ৩০০জন ইমাম, পুরোহিত, ভাস্ত, পাদ্রী ও চসিক সেবকদের মাঝে শীতবস্ত্র ও সুরক্ষা সামগ্রী বিতরণ করেন চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।

পৌরকরের সাড়ে ৭লাখ টাকা পরিশোধ করলো ওমরগণি এম ই এস কলেজ

নগরীর ওমরগণি এম ই এস কলেজ পৌরকর বাবদ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে ৭লাখ ৩১হাজার টাকা পরিশোধ করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের টাইগারপাসস্থ নগর ভবনে মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর হাতে পৌরকরের ৭লাখ ৩১হাজার টাকার চেক হস্তান্তর করেন ওমরগণি এম ই এস কলেজের অধ্যক্ষ আন.ম সরওয়ার আলম। এসময় অন্যান্যদের মধ্যে কলেজের অধ্যাপক বাহার উদ্দিন, মো. জোবায়ের, খোরশেদ আলম, নুরুল আমিন, জেসমিন আক্তার, ববি বড়ুয়া প্রমুখ উপস্থিত ছিলেন। চেকগ্রহণকালে মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, চসিকের আয়ের অন্যতম প্রধানতম খাত হলো পৌরকর। পৌরকরের উপর নগরীর সার্বিক উন্নয়ন কর্মকান্ড নির্ভর করে। এছাড়া সরকারি তহবিল থেকে বিভিন্ন সময়ে থোক বরাদ্দ হিসেবে কিছু টাকা দেওয়া হয়। কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের বেতন খাতে প্রতিমাসে বড় অংকের টাকা ব্যয় হয়। তাই বেতনভাতার টাকা ছাড়া অবশিষ্ট টাকা দিয়ে নগরীর অবকাঠামোগত উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা ও আলোকায়নের কার্যক্রম চালানো বেশ কষ্টসাধ্য। এমতাবস্থায় নগরীর উন্নয়নের ঐক্যে পৌরকর পরিশোধের বিকল্প কোন পথ নেই। যা নগরবাসীকে উপলব্ধি করতে হবে। মেয়র বলেন, আমি কোনভাবে নগরবাসীর উপর অন্যান্যভাবে পৌরকর চাপিয়ে দিবোনা। সে সময় ওমরগণি এম ই এস কলেজের শিক্ষকবৃন্দ তাদের কলেজ মাঠের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ, মাঠের উন্নয়ন, ড্রেনের উন্নয়ন ও আলোকায়নের ব্যবস্থা নিতে মেয়রকে অনুরোধ করলে তিনি তা করে দিবেন বলে আশ্বাস দেন। তখন মেয়র প্রতি ওয়ার্ডে খেলার মাঠ তৈরীর পরিকল্পনার কথাও কলেজ শিক্ষকদের জানান।

চসিক মেয়রকে অভিনন্দন জানালো ডিপ্লোমা প্রকৌশলীবৃন্দ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেগা প্রকল্পের জন্য প্রায় ২৫০০ কোটি টাকা একনেকে অনুমোদন পাওয়ায় চসিক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে উষ্ণ অভিনন্দন জানান। অভিনন্দন গ্রহণ করে মেয়র বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের উন্নয়নের জন্য যে বরাদ্দ প্রদান করেছেন তা সঠিকভাবে ব্যবহার করে নগরীর সৌন্দর্যবর্ধন ও পরিচ্ছন্ন করে গড়ে তুলতে হবে।

এসময় উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মো. জসিম উদ্দিন, সাধারণ সম্পাদক প্রকৌশলী সূদীপ বসাক, যুগ্ম সাধারণ সম্পাদক, মশিউজ্জামান সিদ্দিকী পাভেল, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী, সদস্য মো. মহিউদ্দিন খোন্দকার, নিজাম হোসেন চৌধুরী, নুসরাত শাহীন ও মিনহাজ উদ্দিন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩